বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

**পবিস মানব সম্পদ পরিদপ্তর**
সদর দপ্তর ভবন (৮ম-তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
☎#০২-৮৯০০৪৩৩
e-mail: dir.pbshr@gmail.com
web site: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫১.০০০৩.২৬.১০৭৭

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

# "নোটিশ"

**বিষয়ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নিবন্ধিত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের "সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি)" পদে অপেক্ষমান তালিকা হতে জনবল নিয়োগ সংক্রান্ত।**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫১.০০০৩.২৫.২০৫৮; তারিখ: ০৩/১১/২০২৫ খ্রি: এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নিবন্ধিত পল্লী বিদ্যুৎ সমিতি সমূহের "সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি)" পদে প্রাপ্ত আবেদন এবং পরবর্তীতে গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অপেক্ষমান তালিকা হতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী ০৫ (পাঁচ) জন প্রার্থীকে "সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি)" পদে প্রাথমিকভাবে চূড়ান্ত নিয়োগের জন্য নির্বাচন করা হলোঃ

**13000895 13001252 13001666 13002574 13003632**

Total = 05

**নির্বাচিত প্রার্থীর বরাবর শীঘ্রই নিম্নবর্ণিত শর্তসমূহ উল্লেখপূর্বক ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করা হবে:**

## নিয়োগ পত্রের শর্তাবলী

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নিবন্ধিত পল্লী বিদ্যুৎ সমিতির সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি) পদে আপনাকে ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

১। (ক) পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি) পদের বেতন স্কেল ৪৩,৫০০/- - ১,০৫,০৫০/- টাকা। অন-প্রবেশন মেয়াদান্তে সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক নিয়মিত হলে বর্ণিত স্কেলের (৪৩,৫০০/- - ১,০৫,০৫০/-) প্রাথমিক স্তরে প্রারম্ভিক বেতন নির্ধারিত হবে।

(খ) অন-প্রবেশনকালীন মূল বেতন হিসেবে মাসিক টাঃ= ৪১,৮০০/- (নির্ধারিত), সমিতি কমপ্লেক্সে নির্ধারিত সংস্থান মোতাবেক অফিস কোয়ার্টার বরাদ্দপ্রাপ্ত না হলে বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত বেতনের ৪০% এবং চিকিৎসা ভাতা হিসেবে মাসিক টাঃ =১,০০০/- (এক হাজার) প্রদেয় হবে। এছাড়া, প্রথম পক্ষ উৎসব বোনাস হিসেবে দ্বিতীয় পক্ষকে ০২ (দুই) মাসের নির্ধারিত মূল বেতনের সমপরিমাণ অর্থ বৎসরের প্রধান দুই উৎসবের সময় প্রদান করবে এবং প্রতি মাসে ২৫০ ইউনিট বিদ্যুতের মূল্য বিদ্যুৎ ভাতা হিসেবে প্রদেয় হবে। অন-প্রবেশনকালীন দ্বিতীয় পক্ষ নিজে অথবা তাঁর পরিবারের (কেবলমাত্র স্ত্রী এবং সন্তানাদি) কারও চিকিৎসার জন্য সকল খরচ পবিস নির্দেশিকা ৩০০-২৯ অনুযায়ী (ঔষধ ও পথ্য ব্যতীত) প্রথম পক্ষ বহন করবেন।

(গ) প্রযোজ্য ক্ষেত্রে দ্বিতীয় পক্ষ বিধি অনুযায়ী বোনাস/পেনাল্টি প্রাপ্য হবেন।

২। (ক) যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরি ছেড়ে চলে যান তবে আপনাকে বিধি অনুযায়ী চাকুরিচ্যুত করা হবে এবং বিষয়টি বাপবিবোর্ড এর ওয়েবসাইটে ছবিসহ প্রকাশ করা হবে এবং আপনার নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।

(খ) আপনার পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে অথবা পুলিশ ভেরিফিকেশন যদি প্রমাণিত হয় যে আপনি রাষ্ট্রবিরোধী বা নৈতিকতা বিরোধী কোন কর্মকান্ডের সাথে জড়িত থাকার জন্য দোষী সাব্যস্ত বা সাজাপ্রাপ্ত হয়েছেন, তাহলে বাপবিবো কর্তৃক আপনার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। অঙ্গীকারনামা প্রদানের জন্য ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে সংযোজিত অঙ্গীকারনামা অবিকল টাইপ/প্রিন্ট করে আনতে হবে (উভয় পৃষ্ঠায় টাইপ করা যাবে না, প্রয়োজনে কার্টিজ পেপার ব্যবহার করা যাবে)।

৪। নিয়োগপত্র প্রাপ্তির পরবর্তী তারিখে সম্পাদিত ডোপ টেস্টের রেজাল্ট এবং স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট (মূলকপি) জেলা সিভিল সার্জন অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মেডিক্যাল অফিসার কর্তৃক প্রত্যয়ন পূর্বক অঙ্গীকারনামা সম্পাদনের সময় দাখিল করতে হবে।

৫। চাকুরীতে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছর আপনি অন-প্রবেশনে নিয়োজিত থাকবেন। তবে শর্ত থাকে যে নিয়োগকারী কর্তৃপক্ষ বিধিবদ্ধ কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ প্রাথমিকভাবে অনূর্ধ্ব ০৬ (ছয়) মাস এর জন্য বৃদ্ধি করতে পারবে, যা সর্বোচ্চ ০২ (দুই) বারের অধিক হবে না।

৬। বাপবিবোর্ডের সাথে অঙ্গীকারনামা সম্পাদনের পর আপনাকে যে কোনও পল্লী বিদ্যুৎ সমিতিতে পদায়ন করা হবে এবং পদায়নকৃত পল্লী বিদ্যুৎ সমিতিতে যোগদানের তারিখ হতে এ অঙ্গীকারনামা এবং নিয়োগ কার্যকর হবে।

৭। আপনি যদি কোন সরকারি/আধা-সরকারি অথবা স্বায়ত্তশাসিত সংস্থায় নিয়োজিত থাকেন, তাহলে কাজে যোগদানের সময় আপনার বর্তমান নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত অব্যাহতিপত্র অবশ্যই পেশ করতে হবে।

৮। পদায়নকৃত পল্লী বিদ্যুৎ সমিতিতে যোগদানের ০৭ (সাত) টি কার্যদিবসের মধ্যে মোটর সাইকেল চালনার লাইসেন্স প্রাপ্তির কার্যক্রম শুরু করতে হবে।

৯। সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম/পিএন্ডএম/ইএন্ডসি) পদে যোগদানের ০১ মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং পল্লী বিদ্যুৎ সমিতির নিকট আপনার অথবা আপনার পরিবারের সদস্যদের মালিকানাধীন বা দখলে থাকা শেয়ার, সার্টিফিকেট, সিকিউরিটি, বীমা পলিসি এবং মোট পঞ্চাশ হাজার টাকা বা ততোধিক মূল্যের অলংকারাদিসহ সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির ঘোষণা করবেন।

১০। অধিকন্তু অন্যান্য বিধানাবলী প্রতিপালন সাপেক্ষে, চাকুরীতে যোগদানের ০৫ (পাঁচ) বছরের মধ্যে প্রশিক্ষণের পর আপনি চাকুরি হতে ইস্তফা প্রদানে আগ্রহী হলে প্রশিক্ষণ খরচের ০৩ (তিন) গুণ পরিমাণ অর্থ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা প্রদান করতে হবে।

১১। কাজে যোগদান বা অঙ্গীকারনামা স্বাক্ষরের জন্য কোনও প্রকার ভ্রমণ/ দৈনিকভাতা প্রদান করা হবে না।

১২। উপরিউক্ত শর্তাবলীসহ অঙ্গীকারনামায় বর্ণিত শর্তাবলী আপনার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ১৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখে অত্র অফিসের সাথে (পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, ৮ম তলা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯) অঙ্গীকারনামা সম্পাদনের নিমিত্ত প্রয়োজনীয় কাগজাদি সংগ্রহের জন্য উপস্থিত থাকার অনুরোধ জানানো যাচ্ছে। আগামী ১৫/০৬/২০২৬ খ্রিঃ তারিখে অত্র পরিদপ্তরে উক্ত অঙ্গীকারনামা স্বাক্ষরিত হবে। উক্ত তারিখে বাপবিবোর্ডের সাথে অঙ্গীকারনামা স্বাক্ষর না করলে নিয়োগপত্রটি বাতিল বলে গণ্য হবে।

২১-৫-২৬

(মোহাম্মদ মইনুল হাসান)
পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ/পঃঅঃ)/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো **(নোটিশটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশপূর্বক আগামী ৩০-০৬-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত সংরক্ষণের অনুরোধ করা হলো)**
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা
০৫। একান্ত সচিব, সদস্য (বিতরণ ও পরিচালন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা

২১.০৫.২৬

(কামরুল ইসলাম)
সহকারী পরিচালক